

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪১৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিজের বাবা ব্যতীত অন্য কাউকে বাবা হিসেবে পরিচয় দিবে, সে জান্নাতে প্রবেশ করবে না

ذَكَرُ الْإِخْبَارِ عَنْ نَفِي دُخُولِ الْجَنَّةِ عَمَّنِ ادَّعَى أَبَا غَيْرِ أَبِيهِ

আরবী

أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ حَدَّثَنَا هُشَيْمٌ أَخْبَرَنَا خَالِدٌ عَنْ أَبِي عُثْمَانَ قَالَ: لَمَّا ادَّعَى زِيَادٌ لَقَيْتُ أَبَا بَكْرَةَ فَقُلْتُ مَا هَذَا الَّذِي صَنَعْتُمْ إِنِّي سَمِعْتُ سَعْدَ بْنَ أَبِي وَقَّاصٍ يَقُولُ سَمِعَ أُذُنَايَ وَوَعَاهُ قَلْبِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "مَنْ ادَّعَى أَبَا فِي الْإِسْلَامِ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ غَيْرُ أَبِيهِ فَالْجَنَّةُ عَلَيْهِ حَرَامٌ" فَقَالَ أَبُو بَكْرَةَ وَأَنَا سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ."

الراوي : أبو عثمان | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 415 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪১৫. আবু উসমান (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, যিয়াদের ব্যাপারে দাবী করা হয়, তখন আমি আবু বাকরাহ রাঈয়াল্লাহু আনহুহুর সাথে সাক্ষাৎ করি এবং তাকে বলি: “আপনারা এসব কী করছেন? আমি সা’দ বিন আবী ওয়াক্কাস রাঈয়াল্লাহু আনহুহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমার দুই কান শবণ করেছে, আমার অন্তর হৃদয়ঙ্গম করেছে; নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি ইসলামে কাউকে বাবা দাবী করে, অথচ সে জানে যে সে ব্যক্তি তার বাবা নয়, তবে তার জন্য জান্নাত হারাম।” তখন আবু বাকরাহ রাঈয়াল্লাহু আনহু বলে: “এটি আমিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪৬; সহীহ মুসলিম: ৬৩; সুনান বাইহাকী: ৭/৪০৩; আবু আওয়ানা: ২/৩০; সহীহ আল বুখারী: ৪৩২৬; দারেমী: ২/২৪৪; বাগাবী, শারহু সুন্নাহ: ২৩৭৬; ইবনু মাজাহ: ২৬১০; আবু দাউদ: ৫১১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (গয়াতুল মারাম: ২৬৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু 'উসমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88879>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন